ভোরের কাগজ

~~OCT. 28 1999~~

OCT 28-1999

তারিখ ... ~~OCT. 28~~ 1999...

পৃষ্ঠা ... ২ ... কলাম ৭ ...

## বেসরকারি প্রাথমিক শিক্ষকদের অনশন চলছে

চাকরি সরকারিকরণের দাবিতে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের গণঅনশন ও অবস্থান ধর্মঘট কর্মসূচি গতকাল বুধবার দ্বিতীয় দিনেও অব্যাহত ছিল। ইতিমধ্যে এই অনশনে ১৫ জন শিক্ষক গুরুতর অসুস্থ হয়ে পড়েছেন বলে সমিতির এক বিজ্ঞপ্তিতে জানানো হয়। অসুস্থ শিক্ষকদের বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয় হাসপাতাল ও পুলিশ হাসপাতালে ভর্তি করা হয়েছে।